

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৬২১

পর্ব-১১: হজ (এшыл)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - পাথর মারা

بَابُ رَمْي الْجِمَارِ

### আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودِ: أَنَّهُ انْتَهَى إِلَى الْجَمْرَةِ الْكُبْرَى فَجَعَلَ الْبَيْتَ عَنْ يَسَارِهِ وَمِنًى عَنْ يَسَارِهِ وَمِنًى عَنْ يَمِينِهِ وَرَمَى بِسَبْعِ حَصَيَاتٍ يُكَبِّرُ مَعَ كُلِّ حَصَاةٍ ثُمَّ قَالَ: هَكَذَا رَمَى الَّذِي أُنْزِلَتْ عَنْ يَمِينِهِ وَرَمَى بِسَبْعِ حَصَيَاتٍ يُكَبِّرُ مَعَ كُلِّ حَصَاةٍ ثُمَّ قَالَ: هَكَذَا رَمَى الَّذِي أُنْزِلَتْ عَلَيْهِ سُورَةُ الْبَقَرَةِ

#### বাংলা

২৬২১-[8] 'আব্দুল্লাহ ইবনু মাস্'উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি জামারাতুল কুবরার (বড় জামারার) নিকট পৌঁছে বায়তুল্লাহকে বামে আর মিনাকে ডানে রেখে এর উপর সাতটি পাথর মারলেন, এতে প্রত্যেকবার 'আল্লা-ভ্ আকবার' বলেছেন। অতঃপর তিনি বললেন, যাঁর ওপর সূরা আল বাকারাহ্ নাযিল হয়েছে, তিনি (সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম)-ও এভাবে পাথর মেরেছেন। (বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ১৭৪৮, মুসলিম ১২৯৬, আবৃ দাউদ ১৯৭৪, সুনানুল কুবরা লিল বায়হাকী ৯৫৪৮।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: 'আবদুল্লাহ ইবনু মাস্'উদ (রাঃ) এর উক্তি "যখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বড় খাম্বার কাছে পৌছাতেন, তখন বায়তুল্লাহকে বামে ও মিনাকে ডানে করতেন।" হাফিয ইবনু হাজার (রহঃ) বলেন, বড় খাম্বাতে চারটি বিশেষ বৈশিষ্ট্য আছে।

- ১. কুরবানীর দিন কেবলমাত্র বড় খাম্বাতে পাথর মারতে হয়।
- ২. তার নিকট বিলম্ব করা যায় না।



- ৩. চাশতের সময় কংকর নিক্ষেপ করা।
- ৪. তার নিচ থেকে কংকর নিক্ষেপ করা মুস্তাহাব?

জামারাতুল 'আকাবাহ্ বড় খাম্বাকে বলা হয়। আর মিনাতে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আনসারদের নিকট হতে হিজরতের উপর বায়'আত নিয়েছিলেন। মুস্তাহাব হলো, যে ব্যক্তি বড় খাম্বার নিকট দাঁড়াবে সে মক্কাহকে বাম দিকে ও মিনাকে ডান দিকে করবে আর তার চেহারাকে খাম্বার দিকে করবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন